মানবপাচারকারীর হোতা মেহেদীর অপকর্ম সম্পর্কে জানেনা গ্রামের কেউ !

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়নের যতারপুর গ্রামের মেহেদী হাসান বিশ্বাস ওরফে বিজন বিশ্বাস। তিনি ওই গ্রামের মোস্তাকিন আহমেদ টুলুর বড় ছেলে।

মেহেদী হাসানের বিরুদ্ধে ব্রুনেইয়ে প্রায় ৫হাজার নিরীহ মানুষকে পাচারের অভিযোগ উঠেছে। সম্প্রতি মেহেদী হাসানের তিন সহযোগীকে গ্রেপ্তারের পর বিষয়টি সারাদেশে আলোচনার ঝড় তোলে। তিনি ব্রনেই আওয়ামীলীগের সাংস্কৃতিক সম্পাদক হিসেবে পরিচয় দিয়ে থাকেন।

তিন ভাইয়ের মধ্যে মেহেদী হাসান বড়। মেজ ভাই বিপু এলাকায় থেকে চাষাবাদ দেখা শোনা করেন এবং ছোট ভাই বাপ্পি রাজধানীতে লেখাপড়া করেন। বাবা মোস্তাকিন আহমেদ টুলু এক্সপোর্ট ও ইমপোর্ট ব্যবসা করতেন। বর্তমানের প্যারালাইসিসে আক্রান্ত হয়ে চিকিৎসাধীন রয়েছেন।

গতকাল বুধবার দুপুরে মেহেদীর গ্রামের বাড়িতে সরেজমিনে গিয়ে দেখা যায়, কিছুদিন আগে একটি দ্বিতল ভবন নির্মান করেছেন। এছাড়াও গ্রামে একটি ডেইরি ফার্ম তৈরি করার প্রক্রিয়া চলছে। তার বাড়িতে ঢোকার চেষ্টা করা হলে বাড়ির মুল গেটের বাইরে থেকে তালা লাগানোর কারণে ভিতরে প্রবেশ করা সম্ভব হয়নি। এমনকি তারা বাড়িতে কেউ আছেন কিনা সেটাও জানা যায়নি।

তবে মেহেদী মানব পাচারকারীদের মুল হোতা এ বিষয়ে গ্রাম বাসী বা তার আত্মীয় স্বজনরা কিছুই জানেন না। মেহেদী গ্রামের ভালো ছেলে হিসেবেই এলাকার মানুষ জানেন। তবে তাদের পূর্ব পুরষরাও প্রভাবশালী ও সম্পদশালী। মেহেদী হাসানের দাদা মাদার আলী বিশ্বাস তিন বারের ইউপি চেয়ারম্যান । তার বড় চাচা মওলা বক্স বেবী তিনিও তিন বারের ইউপি চেয়ারম্যান ছিলেন। তার পরিবারের সকলেই বিএনপির রাজনীতির সাথে জড়িত থাকলেও বর্তমানে তারা আওয়ামীলীগের রাজনীতি করেন বলে দাবি করেছেন তার মেহেদীর চাচা বিল্লাল হোসেন কটা।

বিল্লাল হোসেন কটা জানান, তাদের এক ভাই মাসুদ রানা ওরফে এনামুল দির্ঘদিন ধরে ব্রুনেইয়ে থাকতেন। বিজনের বাবা মোস্তাকিন আহমেদ

প্যারালাইসিসে আক্রান্ত হওয়ায় মানবিকতা দেখিয়ে এনামুল বিজনকে ব্রুনেইয়ে নিয়ে যান ২০১২ অথবা ২০১৩ সালের দিকে। তার কিছূদিন পর এনামুল দেশে ফিরে আসেন। তবে বিজন মানবপাচারকারী এ বিষয়ে তারা কিছু জানেন বললেও পরবর্তিতে তার পক্ষে নিউজ করার জন্য তিনি এ প্রতিবেদককে সুপারিশ করেন।

মেহেদীর এক গ্রাম্য প্রতিবেশী জালাল উদ্দিন জানান, আমরা এলাকায় তাঁকে ভাল ছেলে হিসেবে জানি। তারা বংশ বুনিয়াদি মানুষ। তবে বিদেশে কোন অন্যায় অপকর্ম করে কিনা জানেন না।

শফিকুল ইসলাম রাহিন নামের আরেক প্রতিবেশী জানান, কিছুদিন ধরে শুনছি বিজন কি একটা ঝামেলায় পড়েছে। দুতাবাস নাকি তার পাসপোর্ট আটকিয়ে দিয়েছে। তবে এর বেশি কিছু জানিনা।

এদিকে মেহেদী হাসান বিজনের ফেসবুক আইডি রয়েছে বিজন বিশ্বাস (Bizon Bisswas) নামে। এই আইডি প্রোফাইল পিকচার রয়েছে একজন প্রভাবশালী মন্ত্রীর সাথে। বিভিন্ন সময়ে ওই মন্ত্রির সাথে ছবিও রয়েছে তার। সম্প্রতি প্রভাবশালী ওই মন্ত্রী মেহেরপুর আসলে তখন মেহেদীকে মন্ত্রীর সাথে দেখা গেছে বিভিণ্ন ছবি সেটা দেখা যাচ্ছে। এছাড়াও কয়েকজন মন্ত্রীর সাথে তার ছবি দেখা গিয়েছে।

মেহেদী হাসান বিজনের মোবাইল ফোন (০১৯১৬-৬১৩৮৩৮) এ যোগাযোগ করা হলে ফোন বন্ধ থাকায় কথা বলা সম্ভব হয়নি।

মুজিবনগরে ৩ জন দুস্থ মহিলার মাঝে সেলাই মেশিন বিতরণ

মুজিবনগর উপজেলায় ২০১৯-২০ অর্ধবছরে এডিপির অর্থায়নে ৩ জন গরীব, দুস্থ মহিলার মাঝে সেলাই মেশিন বিতরন করা হয়েছে।

বৃহস্পতিবার বেলা সাড়ে এগারোটার দিকে উপজেলা পরিষদের পক্ষ থেকে এ সকল মেশিন বিতরন করা হয়।

এ সময় উপজেলা নির্বাহী অফিসার উসমান গনী, ভাইস চেয়ারম্যান রফিকুল

ইসলাম মোল্লা, মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, এলজিডি ইন্জিনিয়ার শাহীন আক্তার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাজুল ইসলাম, সমাজসেবা অফিসার আব্দুর রব,যুব উন্নয়ন কর্মকর্তা বিপ্লব কুমার কুন্ডু, উপজেলা তথ্য সেবা কর্মকর্তা তানিয়া খন্দকার প্রমুখ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে মানববন্ধন ও সমাবেশ

মুজিবনগরে ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে মানববন্ধন ও সমাবেশ করেছে উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর।

বৃহস্পতিবার বেলা এগারোটার দিকে উপজেলা পরিষদ চত্বরে এ মানববন্ধন ও সমাবেশ অনুষ্ঠিত হয়।

এ সময় উপজেলা নির্বাহী অফিসার উসমান গনী, ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, সমাজসেবা অফিসার আব্দুর রব,যুব উন্নয়ন কর্মকর্তা বিপ্লব কুমার কুন্ডু, উপজেলা তথ্য সেবা কর্মকর্তা তানিয়া খন্দকারসহ বিদ্যালয়ের শিক্ষার্থী উক্ত মানববন্ধনে অংশ নেন।

পরে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাজুল ইসলামের সভাপতিত্বে সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেপ্র/ইএম

[redacted]

[redacted]

[redacted]

[

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

উপজেলা নির্বাহী অফিসার মাসুদুল আলম এর নির্দেশে সচ্ছ সুন্দুর ভাবে যোগ্য ভাতাভোগীরা যাতে তালিকায় থাকতে পারে সে জন্য উন্মুক্তভাবে বাছাই কার্যক্রমের ব্যবস্থা করা হয়।

মেহেরপুর সদর উপজেলা চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম বাছাই কার্যক্রমের উদ্বোধন করেন।

এসময় উপস্থিত ছিলেন, আমদহ ইউপি চেয়ারম্যান আনারুল ইসলাম, মেহেরপুর সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক কাজী কাদের মোহাম্মদ ফজুল রাব্বি, প্রফেসলান অফিসার সাজ্জাদ হোসেন,

শহর সমাজসেবা কর্মকর্তা সোহেল মাহমুদ, সরকারি শিশু পরিবারের তত্বাবধায়ক শাহেদ হাসান, উপজেলা সমাজসেবা কর্মকর্তা আলমগীর হোসেন।

মেপ্র/এমএফআর

জীবননগরে দুর্নীতি বিরোধী বির্তক প্রতিযোগিতা অনুষ্ঠিত

জীবননগরে উপজেলা পর্যায়ে দুর্নীতি বিরোধী বির্তক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার সকাল ১০টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা হলরুমে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার সিরাজুল ইসলাম প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে উপজেলা পর্যায়ে দুর্নীতি বিরোধী জাতীয় বির্তক প্রতিযোগিতায় অংশগ্রহনকারী বিজয়ীদের মাঝে পুরস্কার তুলেদেন।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার দ্বিনেশচন্দ্রপাল, সমবায় অফিসার মতেহার হোসেন, জীবননগর ডিগ্রী কলেজের অধ্যক্ষ আলী আখতার, জীবননগর সরকারি আদর্শ মহিলা ডিগ্রী কলেজের অধ্যক্ষ আলাউদ্দিন, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোস্তাফিজুর রহমান, উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, উপজেলা সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী রাজিব হোসেন প্রমুখ।

মেহেরপুরে শেষ হলো ৬ দিনব্যাপী সিকিউ প্রশিক্ষন

সৃজনশীল প্রশ্ন প্রণয়ন, পরিশোধন ও উত্তরপত্র মূল্যায়ন (সিকিউ) এর উপর ৬ দিন ব্যাপী প্রশিক্ষনের সমাপ্তী হয়েছে। বুধবার আনুষ্ঠানিকভাবে এর সমাপ্তী করা হয়।

জেলা শিক্ষা অফিসের অধিনে মেহেরপুর জেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ের মোট ১৭১ জন শিক্ষকদের নিয়ে এই প্রশিক্ষনের আয়োজন করা হয়।

মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয়ে এই প্রশিক্ষন কার্যক্রম চলে। বিজ্ঞান, গনিত, বাংলাদেশ ও বিশ্ব পরিচয়, বাংলা ও ব্যাবসায় উদ্যোগ এই পাচটি বিষয়ের উপর শিক্ষকদের প্রশিক্ষন দেওয়া হয়।

সমাপ্তী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, জেলা শিক্ষা অফিসের সহকারী পদির্শক আল মামুন, প্রধান প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি বালিকা বিদ্যালয়ের সহকারী শিক্ষক রাশেদুল ইসলাম,

বিজ্ঞান বিষয়ে প্রশিক্ষক হিসেবে ছিলেন, গাংনী পাইলট স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক হাসানুজ্জামান, কাজীপুর মাথাভাঙ্গা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সহকারী শিক্ষক রোকুনুজ্জামান।

মেপ্র/এমএফআর

চুয়াডাঙ্গা হত্যা মামলায় তিনজনের যাবজ্জীবন কারাদন্ড

চুয়াডাঙ্গায় কৃষক বাবুর আলী হত্যা মামলায় এক নারীসহ তিনজনকে যাবজ্জীবন কারাদন্ডের আদেশ দিয়েছেন আদালত।

গতকাল বুধবার বিকাল সাড়ে ৫টায় চুয়াডাঙ্গা জেলা ও দায়রা জজ আদালতের বিচারক মো. রবিউল ইসলাম এ রায় প্রদান করেন।

দন্ডপ্রাপ্তরা হলেন, আলমডাঙ্গা উপজেলার গড়চাপড়া গ্রামের আনছার আলীর ছেলে ইখতিয়ার আলী (২৭), মৃত বিল্লাল হোসেনের ছেলে মো. জুয়েল হোসেন ওরফে কুসুম (২৫) ও মৃত শাবান আলীর মেয়ে মোছা. মাহিমা খাতুন ওরফে ফুট্টুরি ওরফে লাবনী (২৩)।

চুয়াডাঙ্গার পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট বেলাল হোসেন বলেন, আলমডাঙ্গা উপজেলার গড়চাপড়া গ্রামের বাবুর আলী ওরফে বাবু ২০১৮ সালের ১৮ এপ্রিল বিকেলে বাড়ি থেকে বের হয়ে বাজারে যায় এবং একটি দোকানে চা পান করে সন্ধ্যা সাতটার পর থেকে নিখোজ হয়ে পড়ে। পরদিন সকালে গ্রামের একটি ছাপড়া ঘরে ধারালো অস্ত্র দিয়ে কোপানো বাবুর আলীর লাশ পাওয়া যায়।

ঘটনার একদিন পর ২০ এপ্রিল বাবুর আলীর স্ত্রী মমতাজ খাতুন আলমডাঙ্গা থানায় অজ্ঞাত আসামিদের নামে হত্যা মামলা দায়ের করে। এ মামলার তদন্তকারি কর্মকর্তা এসআই সাইফুল ইসলাম ২০১৯ সালের ১০ এপ্রিল আদালতে চার্জশিট প্রদান করেন। চার্জশিটে পাঁচজনকে আসামি করা হয়। এ মামলায় মোট ১৬ জন সাক্ষীকে পরীক্ষা করা হয়।

আসামিদের মধ্যে জুয়েল হোসেন কুসুম ও মাহিমা খাতুন লাবনী জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের কাছে স্বীকারোক্তিমূলক জবানবন্দী প্রদান করে।

সাক্ষ্যপ্রমানে মামলার অন্য দুজন আসামি কামাল হোসেন ও রশিদুল হকের বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাদের দুজনকে বেকসুর খালাস প্রদান করা হয়।

মেপ্র/আরপি

[redacted]

[redacted]